# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ২. ইঞ্জিলগুলোর মধ্যে বিদ্যমান কিছু ভুলভ্রান্তি - ৪. ২. ১. ইয়াকুব কুলের উপর যীশুর রাজত্ব

৪. ২. ইঞ্জিলগুলোর মধ্যে বিদ্যমান কিছু ভুলভ্রান্তি

উপরে আমরা পুরাতন নিয়ম প্রসঙ্গে নতুন নিয়মের কিছু ভুলও উল্লেখ করেছি। বাইবেল সমালোচকরা নতুন নিয়মের মধ্যে বিদ্যমান আরো অনেক ভুলভ্রান্তির কথা উল্লেখ করেছেন। এখানে কয়েকটা নমুনা দেখুন:

৪. ২. ১. ইয়াকুব কুলের উপর যীশুর রাজত্ব

যীশুর জন্ম প্রসঙ্গে লূক লেখেছেন: "আর মাবুদ আল্লাহ তাঁর পূর্বপুরুষ বাদশাহ দাউদের সিংহাসন তাঁকে দেবেন। তিনি ইয়াকুবের বংশের লোকদের উপরে চিরকাল ধরে রাজত্ব করবেন। তাঁর রাজত্ব কখনও শেষ হবে না।" (লূক ১/৩২-৩৩, মো.-০৬)

বাইবেল সমালোচকরা এ কথাটাকে ভুল বলে গণ্য করেছেন। কারণ বাইবেলের পরিভাষায় যুগে যুগে রাজত্ব করার অর্থ তিনি ও তাঁর বংশধরেরা ইয়াকুব বংশের উপর রাজত্ব করবেন। কিন্তু বাস্তবে যুগে যুগে তো দূরের কথা কখনোই তিনি ইয়াকুব বংশের উপর রাজত্ব করেননি। 'বাইবেলের মারাত্মক খুঁত' প্রবন্ধে ডোনাল্ড মরগান লেখেছেন: "None of this took place nor can it now be fulfilled" "এ ভবিষ্যদ্বাণীর কিছুই বাস্তবে ঘটেনি এবং এটা পুরণ হওয়া এখন আর সম্ভবও নয়।"[1]

গ্যারি ডেভানি (Gary DeVaney) লেখেছেন: "Forever? Historically, when has Jesus ever ruled over the Jews?" "Sorry, but right here in Luke 1:30-33, the Bible has documented some blatant falsehoods and prophesized some outright C&V lies": "'চিরকাল'? ঐতিহাসিক ভাবে, যীশু কখনো কি কোনো যুগে ইহুদিদের উপর রাজত্ব করেছেন?" "দুঃখিত, কিন্তু ঠিক এখানে, লূক ১/৩০-৩৩-এ বাইবেল কিছু আপত্তিকর মিথ্যাচার করেছে এবং অধ্যায় ও শ্লোক নির্ধারিত উদ্ধৃতি দ্বারা নির্জলা মিথ্যা ভবিষ্যদ্বাণী করেছে।"[2]

## ফুটনোট

[1] Fatal Bible Flaws? http://infidels.org/library/modern/donald_morgan/flaws.html

[2] http://www.thegodmurders.com/id90.html. http://www.thegodmurders.com/id134.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14163

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন